দৈনিক ইত্তেফাক

APR. 30 2002

# সৌদী আরব বাংলাদেশ থেকে ইংরেজীর শিক্ষক নেবে

ইত্তেফাক রিপোর্ট ॥ সৌদী আরব সরকার বাংলাদেশ থেকে ইংরেজীর শিক্ষক নেয়ার সিদ্ধান্ত নিয়েছে। ইতিমধ্যে এ ব্যাপারে প্রক্রিয়াও শুরু করা হয়েছে। ঢাকায় প্রাপ্ত খবরে জানা যায়, সৌদী শিক্ষা মন্ত্রণালয় বাংলাদেশ ছাড়াও ভারত, পাকিস্তান, মালয়েশিয়া ও নাইজেরিয়া থেকে সে দেশে শিক্ষক নিয়োগের সিদ্ধান্ত নিয়েছে। কতজন শিক্ষক বাংলাদেশ থেকে নেয়া হবে তা জানা যায়নি।